RNI No. 71057/96

Bengali fortnightly newspaper

# পূর্বোত্তর

১৯৯৬ সন থেকে প্রকাশিত

www.facebook.com/purbottar
www.purbottar.in

বিজ্ঞপ্তি

আপনাদের গল্প, কবিতা, মৌলিক রচনা আমাদের contact@purbottar.in –এ ই-মেইল অথবা, 7547930235 নাম্বারে হোয়াটস্ অ্যাপ করুন।

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন- 9775273453

বর্ষ: ২৭, সংখ্যা: ২০, কোচবিহার, শুক্রবার, ৬ অক্টোবর - ১৯ অক্টোবর, ২০২৩, পৃষ্ঠা সংখ্যা: ৮

Vol: 27, Issue: 20, Cooch Behar, Friday, 6 October- 19 October, 2023, Pages: 8, Rs. 3

## সিকিমের হরপা বানে মৃত্যু দিনহাটার যুবকের

**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** সিকিমের হরপা বানে মৃত্যু দিনহাটার এক যুবকের এই ঘটনায় শোকের ছায়া নেমেছে এলাকা জুড়ে। ঘটনা প্রসঙ্গে জানা গিয়েছে বৃহস্পতিবার দিনহাটা মহকুমার ভেটাগুড়ি-১ নম্বর গ্রাম পঞ্চায়েতের রুয়েরকুঠি এলাকার বাসিন্দা বছর সাতাশের রাহুল মোদক সিকিমে একটি বেসরকারি ব্যাংকে কর্মরত ছিলেন তিনি। গত মঙ্গলবার সিকিমে হঠাৎ করে হরপা বানের কবলে পড়ে সে। গতকাল রাতে শিলিগুড়িতে তার মরদেহ উদ্ধার হয় বলে জানা গিয়েছে। বৃহস্পতিবার সকাল সাড়ে এগারোটা নাগাদ জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য এই খবর জানান। রাহুলের মাসি জানান সিকিমের রংপোতে সে থাকত সেখানে হঠাৎ তার ঘরে হরপা বানের জল চলে আসায় সে আর নিজেকে রক্ষা করতে পারেননি। ইতিমধ্যেই রাহুলের বাবা ছেলের মরদেহ শনাক্ত করে সেটা আনার জন্য শিলিগুড়ি উদ্দেশ্যে রওনা দিয়েছেন।

## আয়োজিত হলো ছবি অঙ্কন প্রতিযোগিতা



**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের, শিশু-কিশোর একাডেমির আয়োজনে এবং জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তর, কোচবিহারের ব্যবস্থাপনায় মহারানী ইন্দিরা দেবী উচ্চ বালিকা বিদ্যালয়ে আয়োজিত হলো ছবি আঁকা প্রতিযোগিতা। দুই বিভাগ মিলিয়ে মোট ২৪০ জন প্রতিযোগী অংশগ্রহণ করেন।

## সভাপতিকে সংবর্ধনা

**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** নিজস্ব সংবাদদাতা :কোচবিহারের জেলা ক্রীড়া সংস্থার তরফে সংস্থার সভাপতি অরবিন্দ কুমার মিনাকে সংবর্ধনা জানানো হল। সম্প্রতি জেলাশাসক হিসেবে যোগ দিয়েছেন তিনি। বৃহস্পতিবার সংস্থার সচিব সুব্রত দত্ত সহ কর্মকর্তারা তাঁকে সংবর্ধনা জানান।

# শুভেন্দু অধিকারীর নামে লিখিত অভিযোগ দায়ের



**নিজস্ব সংবাদদাতা, দিনহাটা:** দিনহাটা থানায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নামে লিখিত অভিযোগ দায়ের যুব তৃণমূল কর্মীদের। উল্লেখ্য বিরোধী দলের দুই নেতৃত্বের ফোন নম্বর তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় সাধারণ মানুষকে দেওয়ার পরেই অনেকেই তাদের কাছে ফোন করেন ১০০ দিনের টাকার দাবি করে। টাকার দাবিতে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কাছে দিনহাটার অনেকেই ফোন এবং মেসেজ করেন। পাল্টা বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সামাজিক মাধ্যমে বেশ কিছু নম্বর দিয়ে তৃণমূল কর্মীদের বিরুদ্ধে কুরুচিকর মন্তব্য করেন। যে ফোনগুলি থেকে ফোন এসেছে সেগুলি তোলামুলি ভাইপো বাহিনীর নম্বর বলে শুভেন্দু অধিকারী সামাজিক মাধ্যমে তুলে ধরেন। এরই প্রতিবাদে দিনহাটা থানায় বিরোধী দলনেতার বিরুদ্ধে লিখিত অভিযোগ জানালো যুব তৃণমূল কর্মীসমর্থকরা। রবিবার দুপুরে যুব তৃণমূলের পক্ষ থেকে কর্মী সমর্থকরা থানায় গিয়ে বিক্ষোভ দেখানোর পাশাপাশি লিখিত অভিযোগ জানান। এদিন দিনহাটা থানায় যুব তৃণমূল কর্মী সমর্থকদের বিক্ষোভ ডেপুটেশন চলাকালীন সেখানে উপস্থিত ছিলেন সংগঠনের শহর ব্লক সভানেত্রী মৌমিতা ভট্টাচার্য, যুব তৃণমূলের জেলা সম্পাদক পার্থ সাহা, পুরসভার ভাইস চেয়ারম্যান সাবির সাহা চৌধুরী, তৃণমূলের শহর ব্লক সভাপতি বিশু ধর, রাজবংশী সংগঠনের অশোক রায় প্রমুখ।

# পুজোর রোড ম্যাপ প্রকাশ করল কোচবিহার জেলা পুলিশ প্রশাসন



**দেবাশীষ চক্রবর্তী, কোচবিহার:** সোমবার বিকেলে দুর্গাপূজা উপলক্ষে কোচবিহার জেলা পুলিশের পক্ষ থেকে প্রকাশিত হলো রোড ম্যাপ। এই দিন ওই রোড ম্যাপ প্রকাশিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য, ডিএসপি হেডকোয়ার্টার চন্দন দাস এবং কোতয়ালি থানার আইসি অমিতাভ দাস সহ অন্যান্য আধিকারিক। জেলা পুলিশ সুপার জানান, আগামী ১৮ অক্টোবর থেকে যানবাহনের ক্ষেত্রে কিছু বিধি নিষেধ বেঁধে দিয়েছেন। দুপুর দুটো থেকে রাত্রি দুটো পর্যন্ত এই বিধি নিষেধ জারি থাকবে। এক্ষেত্রে কিছু রাস্তা বন্ধ থাকবে এবং একমুখী রাস্তা ব্যবহার করে শহর থেকে গাড়িগুলোকে শহরের বাইরে যাওয়ার ম্যাপ তৈরি করেছেন। পুলিশ সুপার আরও জানান, যদি এই নিয়মকে তোয়াক্কা না করে কেউ যদি যানবাহন নিয়ে চলাফেরা করে তাহলে সেক্ষেত্রে আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে। পুজোয় প্রতিমা দর্শন করতে আসা দর্শনার্থীদের জন্য পুলিশ প্রশাসনের পক্ষ থেকে থাকবে আঁটোসাঁটো নিরাপত্তা ব্যবস্থা।

## পঞ্চায়েত সদস্যার স্বামীকে গ্রেফতার

# প্রতিবাদে বিক্ষোভ বিজেপির

**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** বিজেপির পঞ্চায়েত সদস্যার স্বামীকে পুলিশ গ্রেফতার করার ঘটনার প্রতিবাদে দিনহাটার ভেটাগুড়ি বাজার এলাকায় কোচবিহার-দিনহাটা রাজ্য সড়কে বিক্ষোভ প্রদর্শন করে বিজেপির কর্মী-সমর্থকরা। বিজেপির অভিযোগ মিথ্যে মামলা দিয়ে ওই বিজেপি কর্মীকে পুলিশ গ্রেফতার করেছে। তৃণমূলের হয়ে পক্ষপাতিত্ব করছে পুলিশ। এই ঘটনার প্রতিবাদে আজ ভেটাগুড়ি বাজার এলাকায় পথ অবরোধ করে বিজেপির কর্মী-সমর্থকরা।



অবরোধের জেরে কোচবিহার-দিনহাটা যান চলাচল বন্ধ থাকে। পরিস্থিতি সামাল দিতে দিনহাটা থানার বিশাল পুলিশবাহিনী ঘটনাস্থলে পৌঁছায়। বিজেপির দাবি যতক্ষণ পর্যন্ত ওই বিজেপি কর্মীকে ছাড়া না হবে তারা আন্দোলন চালিয়ে যাবে।



‘পূর্বোত্তর’ পত্রিকা শারদ সম্মান ২০২৩ পেল কোচবিহার ভেনাস স্কোয়ার ক্লাব

# বার অ্যাসোসিয়েশনের নতুন ভবনের শিলান্যাস

**দেবাশীষ চক্রবর্তী, কোচবিহার:** আইনজীবীরা মন্ত্রীর কাছে আবেদন জানিয়েছিলেন তাদের বসার জন্য যেন আরেকটি ঘর তৈরি করে দেওয়া হয়। আইনজীবীদের আবেদনে সাড়া দিয়ে নতুন ঘর তৈরির আশ্বাস দিয়েছিলেন উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহ। সেই আশ্বাস মতো আজ পুজো করে নারকেল ফাটিয়ে বুধবার বিকেল ৪টা নাগাদ উত্তরবঙ্গ উন্নয়ন দফতরের অর্থানুকূল্যে ও তত্ত্বাবধানে কোচবিহার বার অ্যাসোসিয়েশনের নতুন বিল্ডিংয়ের কাজের উদ্বোধন হলো। জানা গেছে আপাতত কোচবিহার বার অ্যাসোসিয়েশনে সদস্যের সংখ্যা তিনশোর বেশি। জানা গেছে বার অ্যাসোসিয়েশনের বিল্ডিংয়ের ঘরের পাশে ফাঁকা জায়গায় যেখানে আপাতত সাইকেল বাইক স্ট্যান্ড আছে সেখানেই তৈরি হবে দ্বিতল বিল্ডিং। মন্ত্রী উদয়ন গুহ অন্য কাজের জন্য এই অনুষ্ঠানে যোগ দিতে পারেনি। তবে এই নতুন কক্ষের উদ্বোধন নিয়ে এই বিষয়ে বার আসেসিয়াসনের সদস্য আব্দুল জলিল আহমেদ জানান, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় এই বিল্ডিং তৈরির কাজ শুরু হতে চলেছে, উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর যে অর্থ বরাদ্দ করেছে তাতে নতুন দ্বিতলঘর তৈরি হবে। এতে বার অ্যাসোসিয়েশনে আইনজীবীদের বসার সমস্যা থাকল না। উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর প্রায় ৪৪ লক্ষ টাকা এ ব্যাপারে বরাদ্দ করেছে বলে জানা গেছে।



# ধান ভাঙ্গাতে গিয়ে বচসা



**নিজস্ব সংবাদদাতা, দিনহাটা:** মিলে ধান ভাঙ্গাতে নিয়ে যাওয়ার সময় তৃণমূল ও বিজেপি কর্মীদের মধ্যে গন্ডগোলের জেরে একজনকে আটক করলো দিনহাটা থানার পুলিশ। ধৃত ওই বিজেপি কর্মীর নাম গৌতম সেন। রবিবার সকালে এ ঘটনা ঘটেছে দিনহাটা-১ নম্বর ব্লকের ভেটাগুড়ির ব্রহ্মাণীরচৌকি এলাকায়। ঘটনার বিবরণে জানা গিয়েছে, দিনহাটা-১ নম্বর ব্লকের ভেটাগুড়ির ব্রহ্মাণীরচৌকি এলাকার তৃণমূল কর্মী কোকিলা বিবি তার ভাইয়ের ছেলে মিজানুর হককে দিয়ে মিলে ধান ভাঙ্গাতে পাঠায়। মিজানুর যখন মিলের দিকে যায় সেই সময় কতিপয় বিজেপি কর্মী তার পথ আগলে ধরে বলে অভিযোগ। এছাড়াও অভিযোগ উঠেছে, তার কাছ থেকে ধান ছিনতাই করা হয়। বিষয়টি নিয়ে বেশ গন্ডগোলের সৃষ্টি হয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে ছুটে যায়। পুলিশ গৌতম সেন নামে এক বিজেপি কর্মীকে আটক করে। ওই বিজেপি কর্মী ভেটাগুড়ি-২ নম্বর গ্রাম পঞ্চায়েত সদস্য রতিমা সেনের স্বামী।

এ বিষয়ে কোকিলা বিবি দিনহাটা থানায় পুলিশের কাছে দুইজনের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেছে। বিজেপির তরফ থেকে অবশ্য বিষয়টি ভিত্তিহীন বলে দাবি করা হয়েছে। বিজেপি নেতা তথা ভেটাগুড়ি-২ নম্বর গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান দীপকচন্দ্র বর্মন বলেন, ওখানে ধান ছিনতাইয়ের কোন ঘটনা ঘটেনি। দুইজনের মধ্যে কথা কাটাকাটি হয়েছিল। বিষয়টি নিয়ে রাজনৈতিক রং লাগিয়েছে তৃণমূল, আমরা শান্তি চাই। তৃণমূল পরিবেশকে অশান্ত করার চেষ্টা করছে। যাকে পুলিশ তুলে নিয়ে এসেছে, তিনি নির্দোষ।

# কোচবিহারে প্রতিবাদ জেলা যুব তৃণমূল কংগ্রেসের



**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** দিল্লিতে অনশনরত তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের উপর বিনা প্ররোচনায় নির্যাতনের বিরুদ্ধে গোটা রাজ্যজুড়ে প্রতিবাদে নামল তৃণমূল কংগ্রেস। শনিবার কোচবিহারে এক প্রতিবাদ শোভাযাত্রা সংগঠিত করে কোচবিহার জেলা যুব তৃণমূল কংগ্রেস। এইদিন কোচবিহার রাসমেলা ময়দান থেকে একটি প্রতিবাদ মিছিল কোচবিহারের গুরুত্বপূর্ণ রাস্তাগুলিকে পরিক্রমা করে কোচবিহার ক্ষুদিরাম মূর্তির পাদদেশে এসে শেষ হয়। সেখানে একটি বিক্ষোভ কর্মসূচিও গ্রহণ করা হয়। এইদিনের এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন যুব তৃণমূল কংগ্রেসের জেলা সভাপতি কমলেশ অধিকারী, কোচবিহার জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি অভিজিৎ দে ভৌমিক, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণের চেয়ারম্যান তথা বর্ষিয়ান তৃণমূল নেতা পার্থপ্রতিম রায়, পৌরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ সহ অন্যান্যরা।


এইদিনের এই সভা থেকে বিজেপির বিরুদ্ধে আরো জোরদার আন্দোলন সংগঠিত করবার হুঁশিয়ারি দেন নেতৃত্বরা। সেইসাথে আগামীদিনের নির্বাচনে তৃণমূল কংগ্রেস কিভাবে এগোবে, সেই নিয়ে দলীয় কর্মী সমর্থকদের বার্তা দেন তারা।

# পশ্চিমবঙ্গ রাজ্য সরকারি কর্মচারী ফাউন্ডেশনের নতুন কমিটির ঘোষণা



**নিজস্ব সংবাদদাতা, শিলিগুড়ি:** পশ্চিমবঙ্গ রাজ্য সরকারি কর্মচারী ফাউন্ডেশন দার্জিলিং জেলা সমতলের নতুন কমিটির ঘোষণা করা হলো। শুক্রবার দার্জিলিং জেলা তৃণমূল কংগ্রেসের কার্যালয়ে সাংবাদিক বৈঠক করে কমিটির ঘোষণা করেন দার্জিলিং জেলা তৃণমূল কংগ্রেস সভানেত্রী পাপিয়া ঘোষ। এদিন পশ্চিমবঙ্গ রাজ্য সরকারি কর্মচারী ফাউন্ডেশন দার্জিলিং জেলা সমতলের সভাপতির দায়িত্ব পান বন্দনা বাগচী এবং সম্পাদক হয়েছেন সুরজিৎ পাল। এদিন নতুন দায়িত্বে আসা সকলকে অভিনন্দন জানান সভানেত্রী পাপিয়া ঘোষ সহ অন্যান্য নেতৃত্বরা।

# মুখ্যমন্ত্রীর নির্দেশে এনজেপি স্টেশন চত্বরে খোলা হলো সহায়তা কেন্দ্র



**নিজস্ব সংবাদদাতা,শিলিগুড়ি:** রাজের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে এবার এনজেপি স্টেশন চত্বরে খোলা হলো সহায়তা কেন্দ্র। বিধ্বস্ত সিকিম, তিস্তার রুদ্ররূপে আটকে রয়েছে এখনো পর্যন্ত বহু পর্যটক। পর্যটকদের সুরক্ষিতভাবে তাদের নির্দিষ্ট গন্তব্যে পৌঁছাতে পারেন সেদিকে নজর রেখে এবার এনজেপি স্টেশনে মুখ্যমন্ত্রীর নির্দেশে এসজেডিয়ের তরফে খোলা হলো সহায়তা কেন্দ্র। শুক্রবার সহায়তা কেন্দ্র দপ্তরের উদ্বোধন করলেন এসজিডি-এর চেয়ারম্যান সৌরভ চক্রবর্তী, উপস্থিত ছিলেন এসজেডি-এর ভাইস চেয়ারম্যান দিলীপ দুগ্গার সহ এসজেডিয়ের একাধিক নেতৃত্বরা। এদিন বন্যার কবলে আটকে থাকা পর্যটকদের পাশে রয়েছে বললেন চেয়ারম্যান সৌরভ চক্রবর্তী।

# কামতেস্বরী সেতু থেকে সিঙ্গিমারী নদীতে ঝাঁপ এক কিশোরীর

**নিজস্ব সংবাদদাতা, সিতাই:** কামতেস্বরী সেতু থেকে সিঙ্গিমারী নদীতে ঝাঁপ এক কিশোরীর, ঘটনায় চাঞ্চল্য। ঘটনা প্রসঙ্গে জানা গিয়েছে দুপুর আনুমানিক সাড়ে বারোটা নাগাদ এই ঘটনা ঘটে। সিতাই-২ নম্বর গ্রাম পঞ্চায়েতের বছর চব্বিশের এক কিশোরী বহুদিন থেকেই শারীরিক অসুস্থতায় ভুগছিলেন। পরিবারের তরফে জানানো হয় ওই কিশোরী সেই কারণেই মানসিক অবসাদে ভুগতে থাকেন সেই কারণেই হয়তো কামতেস্বরী সেতু থেকে সিঙ্গিমারী নদীতে ঝাঁপ দিয়ে আত্মহত্যার চেষ্টা করে। তবে নদী তীরবর্তী এলাকায় বাসিন্দারা দেখতে পায়



এক কিশোরী সেতু থেকে নদীতে ঝাঁপ দিয়েছে তৎক্ষণাৎ তারা সকলে এগিয়ে এসে সকলের প্রচেষ্টায় ওই কিশোরীকে উদ্ধার করা সম্ভব হয়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় সিতাই থানার পুলিশ। পুলিশ পৌঁছে ওই কিশোরীকে তার পরিবারের উপস্থিতিতে উদ্ধার করে নিয়ে যায়। এই বিষয়ে পুলিশের তরফে জানানো হয় পুরো ঘটনার তদন্ত শুরু হয়েছে।

# বিজেপিতে যোগদান দুইশো তৃণমূল পরিবারের দাবি বিজেপির

**নিজস্ব সংবাদদাতা, দিনহাটা:** ভেটাগুড়িতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রীর হাত ধরে তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগদান দুইশো তৃণমূল পরিবারের দাবি বিজেপির। ভেটাগুড়িতে একটি যোগদান কর্মসূচির মধ্য দিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিকের হাত থেকে বিজেপির দলীয় পতাকা হাতে তুলে নিয়ে তৃণমূল কংগ্রেসের ২০০ পরিবার বিজেপিতে যোগদান করে বলে এমনটাই দাবি করেন বিজেপির জেলা সম্পাদক জীবেশ বিশ্বাস। তিনি এদিন সংবাদমাধ্যমকে প্রতিক্রিয়া দিতে গিয়ে আরো বলেন, আজ আমাদের কেন্দ্রীয়



স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিক উদয়ন গুহের মুখে দাত ভাঙ্গা জবাব দিয়েছে। এদিন দিনহাটা-২ নম্বর ব্লকের সাহেবগঞ্জ, নয়ারহাট, বামনহাট ও বড় শাকদল গ্রাম পঞ্চায়েতের ২০০ টি তৃণমূল কংগ্রেস পরিবার বিজেপিতে যোগদান করে।

# মৃতদেহ উদ্ধার চাঞ্চল্য মেখলিগঞ্জে

**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** এক ব্যক্তির মৃতদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়ায় মেখলিগঞ্জ ব্লকের জামালদহ গ্রাম পঞ্চায়েতের সরকারি বনাঞ্চলে। সোমবার সকালে ফরেস্টে জ্বালানি সংগ্রহ করতে এসে বিষয়টি নজরে আসে স্থানীয় মহিলাদের। ঘটনা চাউর হতেই মেখলিগঞ্জ ব্লকের জামালদহে চাঞ্চল্য ছড়ায়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় মেখলিগঞ্জ থানার পুলিশ। পুলিশ মৃতদেহ উদ্ধার করে দেহ ময়নাতদন্তের জন্য মাথাভাঙ্গা মর্গে পাঠায়। জানা গিয়েছে, মৃত ব্যক্তি গত তিনদিন আগে জামালদহে এক আত্মীয়ের বাড়িতে আসেন। সেখান থেকেই তিনি নিখোঁজ হয়ে যান। আজ সকালে জামালদহ ফরেস্টে সেই ব্যক্তির মৃতদেহ উদ্ধার হয়। গোটা ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।


# মাথাভাঙ্গায় পুলিশের সচেতনতার বার্তা



**নিজস্ব সংবাদদাতা, মাথাভাঙ্গা:** শারদীয়া উৎসবের প্রাক্কালে মাথাভাঙ্গা শহরে যানজট, অসামাজিক কার্যকলাপ, শহরের শান্তিশৃঙ্খলা ও চুরি রুখতে, মাথাভাঙ্গা মহকুমা পুলিশ আধিকারিক সুরজিৎ মন্ডলের নেতৃত্বে বিশাল পুলিশবাহিনী সঙ্গে নিয়ে রুট মার্চ করেন। পাশাপাশি বিভিন্ন সোনার দোকানে গিয়ে সিসিটিভি রয়েছে কিনা তার খোঁজখবর নেন এবং কোন সমস্যা হলে পুলিশকে খবর দেওয়ার পরামর্শ দেন। তিনি মাথাভাঙ্গা থানা থেকে পায়ে হেঁটে মাথাভাঙ্গা শহর, বাজার, শনিমন্দির মোড় সহ বেশ কিছু এলাকায় রুট মার্চ করেন।


মহকুমা পুলিশ আধিকারিক সুরজিৎ মন্ডল জানান, ধারাবাহিকভাবে মাথাভাঙ্গা শহর এবং মাথাভাঙ্গা মহকুমা এলাকা জুড়ে এই অভিযান চলছে এবং ভবিষ্যতেও চলবে। পুজোর আগে মাথাভাঙ্গা শহরের রুট মার্চের ফাঁকে ফাঁকে স্থানীয় ব্যবসায়ীদের সঙ্গে কথা বলেন এবং সচেতনতামূলক বার্তা দেন।

# প্রতিবাদ করায় যুবক সহ পরিবারের সদস্যদের মারধরের অভিযোগ




**নিজস্ব সংবাদদাতা, মাথাভাঙ্গা:** প্রতিবাদ করায় এক যুবক ও তার পরিবারের সদস্যদের ব্যাপকভাবে মারধরের অভিযোগ উঠল কয়েকজনের বিরুদ্ধে। মাথাভাঙ্গা-১ নং ব্লকের বুড়াবুড়ি ময়নাতলি এলাকার ঘটনা। ট্রলিতে করে চলছিল অবৈধভাবে মাটি পাচার। সেই সময় বুড়াবুড়ি ময়নাতলির এক পরিবারের বাড়ির সামনের বেড়া ভেঙে দেয় একটি ট্রলি। প্রতিবাদ করায় ব্যাপক মারধোর করা হয় পরিবারের সদস্যদের। ইতিমধ্যেই আক্রান্ত সেই যুবক মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে বলে জানা গিয়েছে। ঘটনার তদন্ত করছে মাথাভাঙ্গা থানার পুলিশ।

# হরপা বানে মৃত যুবকের পরিবারের সঙ্গে দেখা করলেন পার্থপ্রতিম রায়



**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** ভেটাগুড়ি রুইয়েরকুঠিতে সিকিমের হরপা বানে মৃত যুবকের পরিবারের সাথে দেখা করলেন এনবিএসটিসি চেয়ারম্যান পার্থপ্রতিম রায়। রবিবার বিকেল চারটে নাগাদ ভেটাগুড়ি-১ নম্বর গ্রামপঞ্চায়েতের রুইয়েরকুঠিতে মৃত যুবক রাহুল মোদকের বাড়িতে গিয়ে তার পরিবারের সঙ্গে দেখা করেন উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার চেয়ারম্যান তথা প্রাক্তন সাংসদ পার্থপ্রতিম রায় সহ তৃণমূল নেতা বিষ্ণু কুমার সরকার। এদিন মৃত যুবকের বাড়িতে এসে তার বাবা ও মায়ের সঙ্গে কথা বলেন পাশাপাশি বলেন রাজ্য সরকার তাদের পাশে রয়েছে সঙ্গে তিনিও সাধ্যমত সেই পরিবারের সঙ্গে থাকবেন বলে আশ্বাস দেন। প্রসঙ্গত গত মঙ্গলবার সিকিমের হরপা বানের কবলে পড়ে মৃত্যু হয় বছর সাতাশের রাহুল মোদকের। এরপর তার মরদেহ বুধবার রাতে গজলডোবা থেকে উদ্ধার হয় এবং বৃহস্পতিবার বিকেলে শিলিগুড়িতে উত্তরবঙ্গ মেডিকেল কলেজে তার দেহ ময়নাতদন্তের পর সেদিন রাতেই ভেটাগুড়ির রুইয়েরকুঠিতে তার নিজ বাড়িতে এনে তার সৎকার সম্পন্ন হয়।

# পুরুষের একাউন্টে লক্ষ্মীর ভান্ডারের টাকা



**নিজস্ব সংবাদদাতা, মাথাভাঙ্গা:** মহিলা না হয়েও পুরুষের একাউন্টে লক্ষ্মীর ভান্ডারের টাকা! দীর্ঘ দুই বছর থেকে পুরুষ হয়েও মহিলার লক্ষ্মীর ভান্ডার প্রকল্পের এক হাজার টাকা করে পেয়ে যাচ্ছেন। পশ্চিমবঙ্গ সরকারের লক্ষ্মীর ভান্ডারের প্রকল্পের টাকা মাসে মাসে অনলাইনের তুলে যাচ্ছেন মাথাভাঙ্গা-১ নং ব্লকের পচাগড় গ্রাম পঞ্চায়েতের বাইশগুড়ি এলাকার এক ব্যক্তি। এই ঘটনা চাউর হতেই বিভিন্ন মহলে শোরগোল পড়ে গিয়েছে। এই বিষয়ে ওই ব্যক্তি বলেন, দুই বছর থেকে অনলাইনে টাকা লেনদেন করি। এক সপ্তাহ হল ইচ্ছে হয়েছে ব্যাংকের পাসবই আপডেট করার। আপডেট করার সময় জানতে পারি আমার ব্যাংক একাউন্টে মাসে মাসে এক হাজার টাকা করে লক্ষ্মীর ভান্ডার ঢুকছে। তিনি বলেন এটা কি করে হলো আমি জানি না। মাসে মাসে আমি টাকা তুলেছি অনলাইনে। দুই বছর থেকে সমস্ত টাকায় তুলে আমি খরচ করে ফেলেছি সেই টাকায় সংসার চালাচ্ছি। এখন কি করব জানি না। এই বিষয়ে পচাগড় গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান কল্যাণী রায় জানান, সদ্য উপপ্রধানের দায়িত্ব পেয়েছি এমন ঘটনা শুনেছি উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে কথা বলে বিষয়টি খোঁজ নিয়ে দেখব।

# গ্রাম পঞ্চায়েত দপ্তরে মহিলা সাফাইকর্মীর ঝুলন্ত দেহ উদ্ধার



**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** তুফানগঞ্জ-২ নম্বর ব্লকের বারকোদালী- ২ গ্রাম পঞ্চায়েত কার্যালয়ের গ্রাম পঞ্চায়েত দপ্তর থেকে উদ্ধার এক অস্থায়ী মহিলা কর্মীর ঝুলন্ত দেহ। এদিন পঞ্চায়েত কার্যালয়ের দরজা খুলতে গিয়ে ওই মহিলা কর্মীর ঝুলন্ত দেহ দেখতে পান কর্মীরা। গ্রাম পঞ্চায়েত দপ্তরে ঝুলন্ত দেহ উদ্ধারের খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় বক্সিরহাট থানার পুলিশ। মৃতের নাম মাধবী বর্মন বয়স ৪৭ বছর বলে জানা গিয়েছে। ওই মহিলা কর্মীর ঝুলন্ত দেহ উদ্ধার ঘিরে রীতিমতো চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। স্থানীয় ও পুলিশ সূত্রে খবর, পনেরো বছর আগে হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে মাধবীদেবীর স্বামীর। পরে সেই থেকেই বারকোদালী- ২ গ্রাম পঞ্চায়েত দপ্তরে সাফাইয়ের কাজ করে আসছেন মাধবী। প্রতিদিনের মতো এদিনও কর্মচারীরা আসার আগেই সাফাইয়ের উদ্দেশ্যে কার্যালয়ের তালা খুলে দপ্তরের ভেতরে প্রবেশ করেন মাধবী। তবে নির্দিষ্ট সময়ে সরকারি কর্মচারীরা এসে কার্যালয়ের ভেতরে প্রবেশ করতেই চক্ষু চড়কগাছ। পুলিশ এসে গ্রাম পঞ্চায়েত কার্যালয়ের ভেতর থেকে উদ্ধার করে ওই মহিলা কর্মীর ঝুলন্ত দেহ। দেহ ময়না তদন্তের জন্য কোচবিহার মেডিকেল কলেজ ও হাসপাতালে নিয়ে যাওয়া হয়। মৃতার ভাসুর সচীন্দ্রনাথ বর্মন বলেন, গ্রাম পঞ্চায়েতের চাবি ভাই বউয়ের কাছেই থাকতো। সেই সুবাদে প্রতিদিনের মতো এদিনেও গ্রাম পঞ্চায়েতে যাওয়ার উদ্দেশ্যে বাড়ি থেকে বের হয়েছিল সে। তবে তাঁর ভাই বউ বিভিন্ন জায়গা থেকে ঋণ, ধার করেছিল বলে শুনেছেন তাঁরা। এই ব্যাপারে বারকোদালী- ২ গ্রাম পঞ্চায়েত প্রধান বাবলু বর্মন বলেন, গ্রাম পঞ্চায়েত দপ্তরে ওই মহিলা কর্মীর ঝুলন্ত দেহ উদ্ধারকে ঘিরে তাঁরাও রীতিমতো হতবাক।

# হাজরাহাট রোডে অটো চলাচল বন্ধ করলেন অটো চালকরা



**নিজস্ব সংবাদদাতা,মাথাভাঙ্গা:** শহরে অতিরিক্ত মাত্রায় টোটো চলাচল বেড়ে যাওয়ায় অটো চালকরা যাত্রী পাচ্ছে না অভিযোগ অটো চালকদের। টোটো চালকদের বিরুদ্ধে প্রশাসন যেন দ্রুত ব্যবস্থা নেয় এই দাবিতে মাথাভাঙ্গা শনিমন্দির থেকে হাজরাহাট রোডের অটো চালকেরা অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখার সিদ্ধান্ত নেন। অটো চালকদের অভিযোগ শনি মন্দির থেকে হাজারাহাট রোড চলাচল করে তারা দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থেকে ঠিক মতন যাত্রী নিতে পারছে না। তাদের দাবি অবিলম্বে ওই টোটো চালকদের থেকে সরাতে হবে, না হলে তারা এই আন্দোলন চালিয়ে যাবে। মঙ্গলবার থেকে অনির্দিষ্টকালের জন্য ওই রুটের অটো চলাচল বন্ধ রেখেছে অটো চালকরা। যতদিন সমস্যা সমাধান হবে না ততদিন তারা অটো চালাবেন না বলে জানিয়েছেন অটো চালকরা। এই বিষয়ে তারা স্থানীয় প্রশাসন জানিয়েছেন বলে জানায় তারা।

# বুড়িরহাটে বিজেপি মন্ডল সভাপতির বাড়ি ভাঙচুরের অভিযোগ

**নিজস্ব সংবাদদাতা, দিনহাটা:** বুড়িরহাটে মন্ডল সভাপতির বাড়ি ভাঙচুরের অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে, গোষ্ঠীকোন্দল সাফাই তৃণমূলের। বুধবার সকাল দশটা নাগাদ এই বিষয়ে বিজেপি জেডপি ২ নম্বর মন্ডল সভাপতি প্রদীপ কুমার বর্মন অভিযোগ করে বলেন, গতকাল দিল্লীতে তৃণমূলের বড় চোরেদের দল নাটক করেছিল এবং ছোট চোরেদের দল এখানে বিভিন্ন এলাকায় সন্ত্রাস চালিয়েছিল। তিনি আরও অভিযোগ করে বলেন রাত আনুমানিক বারোটা নাগাদ তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা আমার বাড়ি ভাঙচুর করার পাশপাশি অকথ্য ভাষায় গালিগালাজ এমনকি প্রাণনাশের হুমকিও দেওয়া হয়। তবে তৃণমূলের বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করে এদিন সকাল সাড়ে দশটা নাগাদ ফোন মাধ্যমে দিনহাটা-২ নম্বর ব্লক তৃণমূল সহসভাপতি আব্দুল সাত্তার সাফ জানিয়েছেন যে বিজেপির গোষ্ঠীকোন্দলে এই ঘটনা ঘটেছে তাছাড়া তৃণমূলে কংগ্রেস বিজেপি নেতার বাড়ি ভাঙচুর করেছেন এমন কোন তথ্য তার কাছে নেই।

# সিকিমে গিয়ে নিখোঁজ পাঁচ যুবক

**নিজস্ব সংবাদদাতা, উত্তর দিনাজপুর:** সিকিমে গিয়ে নিখোঁজ রায়গঞ্জের দুই ভাই সহ ৩ জন যুবক। এদের মধ্যে দুজন রায়গঞ্জ শহরের উকিলপাড়ার বাসিন্দা ও আরেকজন রাঁচির বাসিন্দা। রায়গঞ্জের বাসিন্দা স্বর্ণদ্বীপ মজুমদার (২৩) ও শ্রীকান্ত মজুমদার (২৭) এবং ঈশান নামে তাদের বন্ধু রাচির বাসিন্দা। তারা শনিবার রায়গঞ্জ থেকে মোটর বাইক নিয়ে সিকিমের উদ্দেশ্যে রওনা দেয়। মঙ্গলবার রাত সাড়ে ১০ টা নাগাদ তাদের সাথে কথা হয়। এরপর বুধবার থেকে তাদের সাথে মোবাইলে যোগাযোগ করা যাচ্ছে না বলে পরিবারের দাবি।



হরপা বানের ঘটনায় রীতিমতো আতঙ্কিত স্বর্ণদ্বীপের বাবা-মা রায়গঞ্জ থানার দ্বারস্থ হন। পুলিশ নিখোঁজদের খোঁজে তল্লাশি শুরু করেছে বলে জানা গিয়েছে।

# হরপা বানে ভেসে আসা মৃতদেহ ভারতকে হস্তান্তর করল বাংলাদেশ



**নিজস্ব সংবাদদাতা, দিনহাটা:** সিকিমের হরপা বানে ভেসে আসা দুইটি মৃতদেহ ভারতকে হস্তান্তর করল বাংলাদেশ। শুক্রবার রাত আনুমানিক আটটা নাগাদ ভারত বাংলাদেশের গীতালদহ সীমান্ত পেরিয়ে বাংলাদেশের লালমনিরহাট থানার কর্নপুরের চওড়াটারী গ্রামে দুই দেশের মধ্যে ফ্ল্যাগ মিটিং হয়। সেই মিটিংয়ে দুই দেশের সীমান্তরক্ষী বাহিনীর পাশাপাশি বাংলাদেশ ও পশ্চিমবঙ্গ পুলিশ উপস্থিত ছিলেন। বাংলাদেশ বর্ডার গার্ডস ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর হাতে মৃতদেহ দুইটি তুলে দিয়েছে। সিকিমের হরপা বানে তিস্তা নদীতে ভেসে বাংলাদেশের লালমনিরহাটের তিস্তা নদী তীরবর্তী এলাকায় মৃতদেহ দুইটি ভেসে উঠে। স্থানীয়দের কাছে খবর পেয়ে লালমনিরহাট থানা তাদের উদ্ধার করে নিয়ে আসে। পরে বিএসএফকে খবর দেওয়া হয়। বিএসএফের ৯০ নম্বর ব্যাটেলিয়নের অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট পাপ্পু মিনা, গীতালদহ ফাঁড়ির পুলিশ আধিকারিক রাজেন্দ্র তামাং সহ বিএসএফের শীর্ষকর্তারা বাংলাদেশের বর্ডার গার্ডের সাথে ফ্ল্যাগ মিটিং করে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর হাতে মৃতদেহ দুইটি তুলে দেওয়ার সময় সেখানে উপস্থিত ছিলেন বাংলাদেশের লালমনিরহাট থানার ওসি ওমর ফারুক, ১৫ নম্বর বিজিবি কোম্পানি কমান্ডার শরিফুল ইসলাম। কোচবিহার জেলা পুলিশ সূত্রে জানা গিয়েছে মৃতদেহ দুটির এখনো সঠিক পরিচয় পাওয়া যায়নি।

# ভারত বাংলাদেশ সীমান্তে জলে ভেসে আসা দুই দেহ উদ্ধার



**নিজস্ব সংবাদদাতা, মাথাভাঙ্গা:** ভারত-বাংলাদেশ সীমান্তে দুটি দেহ উদ্ধার। দেহদুটি উদ্ধার করে কুচলিবাড়ি থানার পুলিশকে হস্তান্তর করল বিএসএফ। প্রাথমিক তদন্তে জানা গিয়েছে উদ্ধার হওয়া দুটি দেহ সেনাবাহিনীর। সিকিমের হরপা বানে রুদ্ররূপ নিয়েছিলো তিস্তা। তিস্তার গ্রাসে নাস্তানাবুদ হয় সিকিম। তিস্তার জলের দাপটে তছনছ হয়েছে সেনাঘাটিও। আর্মির ৪২ টি গাড়ি সহ ২৩ জন আর্মির নিখোঁজের খবর সামনে এসেছিল। তাদের মধ্যে দু'জনকে আজ উদ্ধার করা হয়। একটি দেহ বাংলাদেশে ভেসে যায়। সেখান থেকে ফ্লাগ মিটিংয়ের মাধ্যমে দেহ নিয়ে আসেন বিএসএফ জাওয়ানরা আরও একটি মৃতদেহ উদ্ধার হয় সীমান্ত লাগোয়া ফকতের চরে। দুটি দেহ উদ্ধার করে নিয়ে আসা হয়। প্রাথমিক তদন্তে জানা গিয়েছে উদ্ধার হওয়া দুটি দেহ আর্মি জাওয়ানের।

# দিনহাটা হাসপাতালে এইচআইভি এইডস নিয়ে সচেতনতা



**নিজস্ব সংবাদদাতা, দিনহাটা:** রাজ্য স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে দিনহাটা হাসপাতালের বহির্বিভাগের সামনে এইচআইভি এইডস নিয়ে সচেতনতা নাটক পরিবেশিত হল। দিনহাটা মহকুমা হাসপাতালের বহির্বিভাগের সামনে একটি সচেতনমূলক নাটক পরিবেশিত হয়। প্রসঙ্গত রাজ্যের প্রত্যেকটি জেলার বিভিন্ন প্রান্তে এইডস মুক্ত সমাজ গড়ার লক্ষ্যে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বাড়াতে উদ্যোগ নিয়েছে রাজ্যের স্বাস্থ্য দপ্তর। কখনো কবিগান, নাটক, পুতুলনাচ ও ম্যাজিকের মধ্য দিয়ে বিভিন্ন জায়গায় মানুষদের সচেতন করছে। তারই অঙ্গ হিসেবে দিনহাটা মহকুমা হাসপাতালের বহির্বিভাগের সামনে এইচআইভি এইডস সম্পর্কিত সচেতনমূলক নাটক পরিবেশিত হয়। এছাড়া ঐদিন সেখানে উপস্থিত সাধারণ মানুষকে একাধিকবার অসুরক্ষিত যৌনসঙ্গমে লিপ্ত না হওয়ারও পরামর্শ দেন স্বাস্থ্যকর্মীরা।

# বড়সড় অগ্নিকাণ্ডের হাত থেকে রক্ষা পেল মাথাভাঙ্গার শপিং মল

**নিজস্ব সংবাদদাতা, মাথাভাঙ্গা:** শহরের একটি মলে এইদিন সকালে অগ্নিকাণ্ড ঘটে। জানা



গেছে সকালবেলায় সকাল শপিং মলেরই দুইজন কর্মীর মধ্যে একজন টেকনিশিয়ান শপিংমলের ভেতরে ইলেকট্রিকের কাজ করছিল হঠাৎ শটসার্কিট থেকেই এই দুর্ঘটনাটি ঘটে। এর ফলে দুইজন কর্মী গুরুতর আহত হয়। আহত দুই কর্মীকে মাথাভাঙ্গা হাসপাতালে পাঠানো হয়। শপিংমলের মলের ভেতর ধোঁয়ায় ভরে যায় চারিদিক অন্ধকারে আচ্ছন্ন হয়ে পড়ে।

দ্রুত ফায়ার ব্রিগেডে খবর দিলে তারা এসে আগুন নিয়ন্ত্রণে আনে এবং বড়সড় দুর্ঘটনার হাত থেকে বাঁচলো এই শপিং মল।

# সম্পাদকীয়

## প্রশ্নে পরিবেশ

সম্প্রতি হরপা বানে চরম ক্ষতিগ্রস্থ হয়েছে সিকিম। বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের ফলে আজ হিমালয়ের বিভিন্ন প্রান্তে ঘটছে হরপা বান। প্রথমে হিমাচল প্রদেশ আর উত্তরাখন্ডে আর তারপর সিকিমে। এর ভয়াবহতা নিয়ে আর বলার কিছু অপেক্ষা রাখে না। তবে প্রশ্ন উঠছে আমাদের দায়িত্ববোধ নিয়ে। হিমালয়ের বিভিন্ন প্রান্তে উন্নয়নের জন্য করা হচ্ছে অকাতরে বৃক্ষছেদন। সরকারি বেসরকারি উদ্যোগে গড়ে উঠছে বিভিন্ন জলবিদ্যুৎ প্রকল্প। কৃত্তিম বাঁধ বানিয়ে জল ধরে রাখা নিয়েও উঠছে হাজারও প্রশ্নচিহ্ন। এগুলি নিয়ে এখনই বিস্তারিত সমীক্ষা করা উচিৎ। নয়ত ধ্বংসের মুখে আমরা।

## কবিতা

### শিউলি একটা প্রতিষ্ঠান

.... সঞ্জয় সোম

আমরা তো শুনিনি শিউলির কোনও
প্রতিপক্ষ আছে
কারও সাথে আড়ি দিয়ে শিউলি
সরিয়ে রেখেছে নিজেকে।
সুতনুকার কথা আমরা বিশ্বাস করি না
যেমন বিশ্বাস করি না আমাদের
মানসির কথা।
আমাদের শিউলি নিজেই এক মহৎ প্রতিষ্ঠান
মন্দির মসজিদ গির্জায়।
ওর যাওয়ার কোনও দরকার পড়ে না
যে দিন শিউলি আমাদের থেকে ওর
মুখ ফিরিয়ে নেবে
শুকিয়ে যাবে ওর শেকড়।
আমরা বিশ্বাস করি আমাদের সে দিনটা হবে
রাতের থেকেও ভয়ঙ্কর
আমি শিউলির কাছে চেয়েছি ওর
সমগ্র শুভেচ্ছা
চেয়েছি নতুন সূর্যোদয়-কথা।

পূর্বোত্তর

সম্পাদকীয় উপদেষ্টা ঃ দেবাশিস ভৌমিক
সম্পাদক ঃ সন্দীপন পন্ডিত
সহ-সম্পাদক ঃ পার্থ নিয়োগী, দেবাশীষ চক্রবর্তী, কঙ্কনা বালো মজুমদার, বর্ণালী দে
ডিজাইনার ঃ ভজন সূত্রধর
বিজ্ঞাপন আধিকারিক ঃ রাকেশ রায়
জনসংযোগ আধিকারিক ঃ বিমান সরকার

গল্প

# কম খরচে মোহনীয় গৃহকোণ

..... বিনীতা সরকার

ঘর শুধু একটি আশ্রয় নয়। এটি আপনার প্রশান্তিরও স্থান বটে। ইংরেজিতে একটি সুন্দর কথা আছে- 'Home sweet home.' সত্যিই যেন তাই। ইহ জগৎ সংসারে বাড়ির মতো নিরাপদ ও শান্তি ঘেরা জায়গা আর কোথায় আছে? সুন্দর সাজানো গোছানো ঘর আপনার মনেও প্রশান্তি নিয়ে আসে। আপনার ঘর যেন আপনার মনের রঙে সাজানো একটি ক্যানভাস। ছোট, বড়, মাঝারি উপকরণে তাকে সুন্দর করে সাজিয়ে তোলা সম্ভব। কখনো রঙের আধিক্য, কখনো একদম সাদামাটা রঙের ব্যবহার। মূলকথা আপনার মনের সৌন্দর্যের বহিঃপ্রকাশ ঘটে সেখানে। তবে সাধ ও সাধ্য জীবনে অনেক কিছু নিয়ন্ত্রণ করে। ঘরটি পছন্দসই করে সাজাতেই খসে যাবে অনেক পয়সা। এখন ধরে নিতে পারেন, বাজেট কম থাকায় ঘরটি বুঝি আর মনের মতো করে সাজানো হবে না। এমন ধারণা একদমই কিন্তু ঠিক নয়। সামান্য কিছু বুদ্ধির প্রয়োগে স্বল্প খরচেই ঘর সাজিয়ে তুলতে পারেন। খুব সাদামাটার মাঝেও ঘরের পরিবেশ হয়ে ওঠতে পারে আকর্ষণীয় ও মোহনীয়। আপনার সাদামাটা ঘরটিও হয়ে উঠবে জমকালো। সেইসঙ্গে মিলবে আপনার রুচিশীলতার পরিচয়। চলুন জেনে নিই কিছু উপায়...

কম খরচে দেয়াল সাজাতে ব্যবহার করতে পারেন ওয়ালপেপার। স্যান্ডস্টোন, টেরাকোটা, রাস্টিক টাইলস বা প্রাকৃতিক দৃশ্যের ওয়ালপেপার পাবেন বাজারে। ঘরের একটা দেয়ালে পছন্দমতো ওয়ালপেপার লাগিয়ে নিন। ঘরে কিছুটা বৈচিত্র আনতে একটা কর্ণার সাজাতে পারেন। অন্য একটি দেয়ালের সাজে ব্যবহার করতে পারেন গাছ, পটারি আর ল্যাম্পশেড দিয়ে, দেখবেন ঘরের চেহরাটাই পাল্টে গিয়েছে।

ঘর সাজাতে গাছের বিকল্প নেই। খরচও কম আবার চোখের শান্তি মেলে সবুজে। একটি কর্ণারে মাটির পটারিতে ছোট-বড় বিভিন্ন আকৃতির ইন্ডোর প্লান্ট রাখতে পারেন। গাছের ফাঁকে ফাঁকে মাটির শোপিস দিন। একটা মাটির চাড়িতে জল দিয়ে কিছু কচুরিপানা আর অ্যাকুরিয়ামের মাছ ছেড়ে দিলেই পুরো পরিবেশটাই অন্যরকম লাগবে। এখন শুধু দরকার একটি স্পটলাইট। ঘরটি নিজের কাছেই অচেনা আর মোহনীয় লাগবে।

কম খরচ ঘর সাজাতে দেশীয় উপকরণের জুড়ি নেই। এক্ষেত্রে ঘর সাজানোর ভালো উপকরণ হতে পারে বেতের সোফা। দামেও কম, পাওয়া যায় সহজে। ইচ্ছামতো ডিজাইন দিয়ে তৈরী করে নিতে পারেন বেতের আরো ফার্নিচারও। এগুলো কম দামে পেয়ে যাবেন। সোফার অপর পাশে যদি জায়গা থাকে তাহলে শীতল পাটি বিছিয়ে বসার জায়গা করে নিতে পারেন। পাটির ওপর একটি নকশিকাঁথা বিছিয়ে দিলেন, তাতে কয়েকটি কুশনও থাকতে পারে। ঘরের খালি দেয়ালে বাঁশের বেড়া ফ্রেম করে ঝুলিয়ে দিন তাতে রঙ করে আটকে দিতে পারেন বাঁশি, দোতারা ইত্যাদি। কর্ণারে একটি বাঁশের সেল্ফ করে তাতে বিভিন্ন শোপিস রাখুন। জানালার পর্দা, সোফা ও কুশনে উজ্জ্বল রঙ বেছে নিন। বাঁশের ল্যাম্পশেড আর মাটির পটারিতে কয়েকটি ইন্ডোর প্লান্ট দিয়েও কর্ণার সাজাতে পারেন। হয়ে গেল কম খরচে বসার ঘরের রুচিশীল সাজ। দেয়াল, টবে কিছু মানিপ্লান্ট জাতীয় গাছ ঝুলিয়ে দিলে ঘরটি আরও বেশী রূপবতী লাগবে। স্বল্প খরচের দেয়াল শোপিস ও একটি ঘরকে দিতে পারে সাধ্যের মধ্যে মোহনীয় রূপ।

# বিজেপির জেলা সম্পাদকের গাড়ি ভাঙচুরের অভিযোগ

**নিজস্ব সংবাদদাতা, দিনহাটা:** কুর্শাহাটে বিজেপির জেলা সম্পাদকের গাড়ি আটকে ভাঙচুরের অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে। মঙ্গলবার রাত আটটা নাগাদ সংবাদমাধ্যমের প্রতিক্রিয়া দিলেন বিজেপির জেলা সম্পাদক জয়দীপ ঘোষ। তিনি অভিযোগ করে বলেন, এদিন বিকেলবেলা শুকারুরকুঠি জিপিতে দলীয় কাজে গিয়েছিলেন। সেখান থেকেই অন্য একখানে যাওয়ার সময় সন্ধ্যাবেলা তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকরা তার গাড়ি আটকে দেয় এবং ভাঙচুর করে। যদিও এই ভাঙচুরের ঘটনা অস্বীকার করেছে তৃণমূল নেতৃত্ব। পাশপাশি জয়দীপ ঘোষ হুঁশিয়ারী দিয়ে বলেন, এখনো সময় আছে শুধরে যান কারণ লোকসভা নির্বাচনের পর আদৌ নিজ বাড়িতে থাকবেন কিনা সন্দেহ আছে। বিশেষ করে মন্ত্রী উদয়ন গুহের কথায় চলবেন না কারণ তিনি লোকসভা নির্বাচনের পর কলকাতা পালাবে তাই নিজেরাই সাবধান থাকুন।

# বেআইনি ভুটভুটি বন্ধের দাবিতে বিক্ষোভ




**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** পণ্যবাহী ট্রাক ও পিকআপ ভ্যান চালকদের হয়রানি এবং বেআইনি ভুটভুটি বন্ধের দাবিতে বিক্ষোভ মাথাভাঙ্গায়। মাথাভাঙ্গা পণ্যবাহী ট্রাক ও পিকআপ ভ্যানচালক তৃণমূল শ্রমিক ইউনিয়নের পক্ষ থেকে বিভিন্ন দাবি নিয়ে মাথাভাঙ্গা মহকুমা শাসকের নিকট স্মারকলিপি প্রদান করলো। মাথাভাঙ্গা শহরে একটি মিছিল করে মহকুমা শাসকের দপ্তরের সামনে বিক্ষোভ প্রদর্শন ও পরে স্মারকলিপি প্রদান করা হয়। এদিনের স্মারকলিপিতে নেতৃত্ব দেন তৃণমূল শ্রমিক সংগঠনের কোচবিহার জেলা সাধারণ সম্পাদক আলিজার রহমান, ফজরুল হক, রফিক আহমেদ সহ অন্যান্য নেতৃত্বরা। তাদের অভিযোগ পণ্য পরিবহণকারী পিকআপ ভ্যান চালকদের গাড়ির কাগজপত্র ঠিক থাকলেও সামান্য কিছু পণ্য বহন করলেই ওভারলোডিং অজুহাত দেখিয়ে এমভিআই এবং পুলিশ অতিরিক্ত জরিমানা করছেন। তাদের দাবি মানবিক দৃষ্টিকোণ দিয়ে এই বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে প্রশাসনকে। তাদের আরো দাবি দীর্ঘদিন ধরে বেআইনিভাবে প্রশাসন এবং পরিবহণ দপ্তরকে নাকের ডগায় ভুটভুটি পণ্য বহন করছে, যেখান থেকে সরকার একটি কানাকড়ি ও ট্যাক্স পায় না এবং যা পথ চলতি মানুষের ক্ষেত্রে খুবই বিপদজনক। এমত অবস্থায় প্রশাসনের কাছে সংগঠনের দাবি সরকারকে ট্যাক্স থেকে শুরু করে যাবতীয় সরকারের নিয়ম পালন করে পণ্য বহন করে থাকি সেক্ষেত্রে আমরা এই বেআইনি এবং অবৈধভাবে চলা অবৈজ্ঞানিকভাবে নির্মিত বেআইনি ভুটভুটি বন্ধ করার দাবি জানানো হচ্ছে। আলিজার সাহেব বলেন, যদি এই দাবি পূরণ না হয় তাহলে পুজোর পরে বৃহত্তর আন্দোলনে নামতে বাধ্য হবে তৃণমূল শ্রমিক সংগঠন। এই বিষয়ে মাথাভাঙ্গা মহকুমা শাসক অচিন্ত্যকুমার হাজরা জানান, একটি স্মারকলিপি পেয়েছি বিষয়টি খতিয়ে দেখা হবে।

# মুক্তি পেল বেলতলা ইউনিটের হীরক জয়ন্তী বর্ষের থিম সং




**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** মুক্তি পেল কোচবিহার বেলতলা ইউনিটের হীরক জয়ন্তী বর্ষের থিম সং 'রং তুলিতে মাটির ঘরে মা' গানটি গেয়েছেন সঙ্গীতশিল্পী বিক্রম শীল ও সুবর্ণা রায়। গানটির কথা ও সুর বিক্রম শীলের। এর আগেও বিক্রমের করা বেশ কিছু থিম সং জনমানসে বেশ আলোড়ন ফেলেছিল। বেলতলা ইউনিট ক্লাবের সম্পাদক হীরক কুমার দাস জানান, তাদের উত্তর হীরক জয়ন্তী দুর্গাপূজা উপলক্ষ্যে পূজার মণ্ডপসজ্জা ও প্রতিমার কাজ পূর্ণ উদ্যমে চলছে। এবারে তৃতীয়াতেই তাদের পুজোর উদ্বোধন হবে। এই দুর্গাপূজার অঙ্গ হিসেবেই পুজোর আনুষাঙ্গিক সমস্ত বিষয় নিয়ে লেখা এই থিম সং মুক্তি পেল। গানটির সুরকার ও গীতিকার বিক্রম শীল জানান, দুর্গাপূজা মানেই বাঙালীর অনেক আনন্দ ও হই-হুল্লোড় সে কথা মাথায় রেখেই নাচের গানের আঙ্গিকে গানটি তিনি তৈরি করেছেন, তার পাশাপাশি এই গানের মধ্যে বেলতলা ইউনিটের দুর্গাপূজার সমস্ত দিকই তুলে ধরা হয়েছে। গানটি সকলের মন ছুঁয়ে যাবে বলেই তিনি আশাবাদী। ইতিমধ্যে গানটি জনমানসে বেশ সাড়া ফেলেছে। বেলতলা ইউনিট এলাকার বাসিন্দারাও খুশি দুর্গাপূজা উপলক্ষ্যে সম্পূর্ণ নতুন একটি গান পেয়ে।

# খোয়া যাওয়া মোবাইল ফোন প্রকৃত মালিকদের হাতে তুলে দিল কোচবিহার ও দিনহাটা থানার পুলিশ

**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার ও দিনহাটা :** চুরি যাওয়া ও হারিয়ে যাওয়া ৫০ টি ফোন উদ্ধার করে প্রকৃত মালিকের হাতে তুলে দিল কোচবিহার জেলা পুলিশ। বুধবার আনুষ্ঠানিকভাবে সেই ফোনগুলি তুলে দিলেন পুলিশ সুপার। এছাড়াও এদিন উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার ও ডিএসপি হেডকোয়ার্টার সহ পুলিশের অন্যান্য আধিকারিকরা। এদিন ফোন তুলে দেওয়ার পাশাপাশি মানুষকে আরও সচেতন হওয়ার কথাও বলেন পুলিশ সুপার। দিনে দিনে যেভাবে সাইবার ক্রাইম বেড়ে চলেছে মানুষ যদি সচেতন না হয় তাহলে এমন হতেই থাকবে বলে ও জানালেন পুলিশ সুপার।

বিভিন্ন সময়ে হারিয়ে যাওয়া ৫৯ টি মোবাইল ফোন প্রকৃত মালিকদের হাতে তুলে দিল দিনহাটা থানার পুলিশ। শনিবার রাতে মহাসপ্তমীর দিনে দিনহাটায় একটি অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনহাটা মহকুমার বিভিন্ন এলাকার হারিয়ে যাওয়া ৫৯ টি মোবাইল ফোনের প্রকৃত মালিকদের হাতে তুলে দেওয়া হল তাদের মোবাইল ফোন। এদিন সেখানে উপস্থিত ছিলেন উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহ, দিনহাটা মহকুমা পুলিশ আধিকারিক ত্রিদিব সরকার, দিনহাটা থানার আইসি সুরজ থাপা, দিনহাটা পৌরসভার চেয়ারম্যান গৌরীশংকর মাহেশ্বরী ও অন্যান্যরা।

Vol: 27, Issue: 20, 6 October - 19 October, 2023 পূর্বোত্তর ৫

# একযোগে কোচবিহার ও কলকাতায় প্রকাশিত হলো 'বিবৃতি'



**দেবাশীষ চক্রবর্তী:** বিবৃতি সাহিত্য বই ২০২৩ প্রকাশিত হল কোচবিহার সাব ডিভিশনাল প্রেসক্লাবে। রবিবার বিকেলে একটি ঘরোয়া অনুষ্ঠানের মধ্যে দিয়ে বই প্রকাশ ছাড়াও সংবর্ধনা প্রদান করা হয় কোচবিহারের তিন বিশিষ্ট ব্যক্তিকে। মাথাভাঙা থেকে প্রায় ২০ বছর হল ধারাবাহিকভাবে বিবৃতি প্রকাশ করে চলেছেন দেবাশিস দাস। ঐতিহ্য ও আধুনিকতার বর্ণময় মিশেল নিয়েই পথচলা শুরু বিবৃতি সাহিত্য। দীর্ঘ দু'দশক সময়কাল ধরে বিবৃত সাহিত্য পত্রিকার সঙ্গে জড়িয়ে থাকা স্মৃতিগুলো নিয়ে এগিয়ে চলেছে। বিবৃতির সাহিত্য প্রথমদিন থেকেই আন্তরিকভাবে চেয়েছে তরুণ প্রজন্মর লেখকরা উঠে আসুক সাহিত্য ও গবেষণার অঙ্গনে। এই কারণেই প্রতিষ্ঠিত জনপ্রিয় কবি থেকে গল্পকার হয়ে উঠেছেন বহু লেখক ও গবেষকরা। এই সাহিত্য বিবৃতি কোচবিহার ছাড়াও একই সঙ্গে প্রকাশ হয়েছে কলকাতায়। এদিনের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কোচবিহারের বিশিষ্ট কবি, সাহিত্যিক ও গুণীজনেরা।

# ১১ ইঞ্চি দুর্গা ঠাকুর বানিয়ে তাক লাগালেন কোচবিহারের এক গৃহবধূ



**সুবীর হোড়, কোচবিহার:** বাঙালির শ্রেষ্ঠ উৎসব দুর্গা পূজা। আর এই দুর্গা উৎসবকে নিয়ে বাঙালির মনে প্রচুর আবেগ। আর এই আবেগই ফেলে দেওয়া পোড়া ধূপকাঠির কাঠি দিয়ে বানিয়ে ফেললেন দুর্গা ঠাকুর। জানা যায় কোচবিহার শহরের নতুন বাজার এলাকার বাসিন্দা সোমা মুখার্জি তিনি পেশায় বেসরকারি স্কুলের শিক্ষিকা। তিনি এক বছর ধরে এই দেবী দুর্গা প্রতিমা গড়ে তুলেছেন। পাশাপাশি আরো জানা যায় তার এই অভিনব উদ্যোগে পাশে পেয়েছেন ওনার পাশাপাশি পাশাপাশি কিছু বাসিন্দাদের। তিনি এই ধূপকাঠির কাঠিগুলো প্রতিনিয়ত জমিয়ে রেখে ও আশেপাশের বাড়ি থেকে এই পোড়া ধূপকাঠির কাঠি জোগাড় করে তিলে তিলে গড়ে তুলেছেন এই দেবী দুর্গা। জানা যায় দুর্গা প্রতিমাটির পরিমাপ মাত্র ৬ ইঞ্চি ও বেদি সহ বাকি প্রতিমা ১১ ইঞ্চি। এই ধরনের অভিনব উদ্যোগের কাজ তিনি এর আগেও করেছেন। জানা যায় এর আগেও তিনি ফেলে দেওয়া ওষুধের রেপার দিয়ে ৬ ইঞ্চির দুর্গা প্রতিমা তৈরি করেছিলেন। এই ধরনের উদ্যোগের জন্য তিনি দুটো ওয়ার্ল্ড রেকর্ড পেয়েছেন ইন্ডিয়া বুক অফ রেকর্ড, পাশাপাশি ইন্টারন্যাশনাল বুক অফ রেকর্ড পেয়েছেন। এবারেও তিনি নজর রেখেছেন গ্রিনিসের বুকে। তিনি এইসব অভিনব উদ্যোগের জন্য তার পরিবার সব সময় পাশে থাকেন বলেই সম্ভব হয় বলে জানান এবং এইসব অ্যাওয়ার্ড পাওয়ায় তার পরিবার খুব খুশি। তিনি আরো বলেন, ফেলে দেওয়া জিনিসগুলো দিয়ে এইসব কাজ করতে তিনি ভীষণ আনন্দ উপভোগ করেন। তিনি আরো বলেন, যদি সুযোগ পাই আগামীদিনেও এইরকম অভিনব উদ্যোগ নিয়ে আরো অন্য নতুন কোনো প্রচেষ্টাকে তুলে ধরবো।

# নাটকে সামাজিক বার্তা প্রভাতী কালচারাল গ্রুপের

**দেবাশীষ চক্রবর্তী:** সামাজিক বার্তামূলক দুটি নাটক "আদাব" ও "আলোয় ফেরা" নিয়ে প্রভাতী কালচারাল গ্রুপের পক্ষ থেকে একটি সাংবাদিক বৈঠক করা হয়। এই প্রেস মিটের মাধ্যমে নাটক দুটি করার উদ্দেশ্য ও তার পেছনের গল্পগুলো তুলে ধরলেন সংস্থার সেক্রেটারি মাধুরী বরগাঁও। কোচবিহার সাগরদিঘির চারপাশে ভোরবেলা হাঁটাহাঁটি করা নতুন কিছু নয়। তেমনই এক সকালবেলা হাঁটতে হাঁটতে তৈরী হয়ে উঠেছিল এই গ্রুপটি জানালেন মাধুরী।




২০২০ সালে তৈরী হওয়া গ্রুপটির সদস্যদের নিরানব্বই শতাংশ মহিলা। যাদের বেশীরভাগই জীবনযুদ্ধে হাঁড়ি কড়াই ও সংসারের বাইরেও যে একটা জগৎ আছে সেই জগতের কথা ভুলতে বসেছে। এছাড়াও যে সব মহিলারা কোনোদিনই কিছু করেননি বা করার সুযোগ পাননি তাদের সবাইকে নিয়ে একটি নাটক মঞ্চস্থ করতে চলেছেন। মেয়েদের সামাজিক অবস্থান সেই দ্রৌপদীর যুগ থেকে আজকের যুগেও পার্থক্য কতটুকু তা নিয়েই নাটক 'আলোয় ফেরা'। রচনা নির্দেশনা মাধুরী নিজে। সেখানে একটি চরিত্রে মাধুরীর গৃহসহায়িকাও রয়েছে বলে জানালেন তিনি। রবিবার স্থানীয় ল্যান্সডাউন হলে নাটকদুটি মঞ্চস্থ হয়।

# লোকালয়ে ৫ টি হাতি চাঞ্চল্য ঘোকসাডাঙ্গায়

**নিজস্ব সংবাদদাতা, ঘোকসাডাঙ্গা:** সাত সকালে ৫ টি হাতি লোকালয়ে, এখন পর্যন্ত কোন ক্ষয়ক্ষতির খবর না থাকলেও এলাকায় চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। বন দফতরের কর্মীরা হাতিগুলিকে জঙ্গলে ফেরানোর চেষ্টা চালাচ্ছে। বর্তমান হাতিগুলি সতীশহাট সংলগ্ন শালমারার ডাবরিভাঙার পারের একটি মাঠে ধান ক্ষেতে আছে। জানা গিয়েছে, মাথাভাঙ্গা-২ ব্লকের ঘোকসাডাঙ্গা বণিকপাড়া এলাকায় ভোর ৫ টা নাগাদ স্থানীয়রা ৫ টি হাতিকে একসঙ্গে দেখতে পান। এরপর



চিৎকার চেঁচামেচি শুরু হয় এলাকার প্রচুর মানুষ ভিড় জমান। মানুষের হইচই শুনে হাতিগুলি, আমবাড়ি এলাকা হয়ে সতীশহাট সংলগ্ন কোচবিহার-ফালাকাটা ৩১ নং জাতীয় সড়কের ধারে শালমারার ডাবরি তথা ধান ক্ষেত ভর্তি সুবিশাল মাঠে বর্তমানে রয়েছে। খবর পেয়ে মাথাভাঙ্গা রেঞ্জ, কোচবিহার রেঞ্জ, জলদাপাড়া রেঞ্জের বন দপ্তরের কর্মীরা ছুটে আসেন। ছুটে আসেন কোচবিহার বন বিভাগের এডিএফও বিজন কুমার নাথ সহ অন্যান্য আধিকারিকগণ। বর্মানে হাতিগুলিকে জলদাপাড়া জঙ্গলে নিয়ে যাওয়ার চেষ্টা চালাচ্ছে। দুটি দাতাল হাতি সহ মোট পাঁচটি হাতি জলদাপাড়া বন থেকে ভুলবশত বুড়ি তোর্সা নদী হয়ে লোকালয়ে পৌঁছেছে বলে অনুমান বন দপ্তরের। তবে হাতি দেখতে উৎসুক জনতার ভিড় লক্ষ করা যায়।

# ঋণদান সমবায় সমিতির ম্যানেজারের বাড়িতে সিবিআই



**নিজস্ব সংবাদদাতা, আলিপুরদুয়ার:** আলিপুরদুয়ার ঋণদান সমবায় সমিতির ম্যানেজার তৃপ্তিকণা চৌধুরীর বাড়িতে হানা দিল সিবিআই। শুক্রবার সকালে তৃপ্তিকণার সূর্যনগরের বাড়িতে হানা দেন তদন্তকারীরা। প্রায় ৫০ কোটি টাকার আর্থিক তছরুপের মামলায় এদিন ম্যানেজারকে জিজ্ঞাসাবাদ করেন সিবিআইয়ের দুই আধিকারিক। গত ৭ অক্টোবর আর্থিক দুর্নীতির মামলায় আলিপুরদুয়ার শহর ও শহরতলির ১১ টি জায়গায় অভিযান চালায় তদন্তকারী দল। সিবিআই সূত্রের খবর, সেই সময় যেসব নথিপত্র বাজেয়াপ্ত করা হয়, তাতে বেশ কিছু অসংগতি খুঁজে পায় তারা। সেই সূত্র ধরেই এদিন সমবায় ম্যানেজারকে জিজ্ঞাসাবাদ শুরু করেছেন তদন্তকারীরা। সমবায় মামলায় কিং-পিনকে চিহ্নিত করতে তদন্তের কাজ গোছাচ্ছেন কেন্দ্রীয় গোয়েন্দারা। সমবায়ের ম্যানেজার তৃপ্তিকণার বাড়িতে একাধিকবার তদন্তে আসেন কেন্দ্রীয় গোয়েন্দারা। তাঁকে জিজ্ঞাসাবাদ করে আর্থিক তছরুপের মামলায় বড় মাথার হদিশ পেতে চাইছে সিবিআই।

# একের পর এক বোমা উদ্ধারে চাঞ্চল্য মাথাভাঙ্গায়

**নিজস্ব সংবাদদাতা, মাথাভাঙ্গা:** মাথাভাঙ্গা-১ নং ব্লকের পচাগড় গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ পচাগড় এলাকার ধরা নদীর পশ্চিম প্রান্তে তিনটি ব্যাগে ৮ টি তাজা বোমা উদ্ধার হয়।

